http://www.elearninginfo.in

2022/TDC/ODD/SEM/
BNGHCC–301T/362

# TDC (CBCS) Odd Semester Exam., 2022

## BENGALI

( Honours )

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–301T

**( বাংলা ভাষাতত্ত্ব )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

UNIT—I

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) ভারতীয় আর্যভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? একটি নব্যভারতীয় আর্যভাষার নাম লেখো।

(খ) মধ্যভারতীয় আর্যভাষার আনুমানিক সময়সীমা উল্লেখ করো। প্রাকৃত ভাষায় রচিত যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

(গ) সাহিত্যিক প্রাকৃত ভাষার সংখ্যা কত? সম্ভাব্য কোন্ প্রাকৃত ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে?

http://www.elearninginfo.in



২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণসহ মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) মাগধী প্রাকৃত ভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

## UNIT—II

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) মধ্যবাংলাকে কয়টি উপস্তরে ভাগ করা হয়েছে? সেগুলি কী কী?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যবাংলার কোন্ উপস্তরের নিদর্শন? মধ্যবাংলার শেষ স্তরের একটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

(গ) আধুনিক বাংলার সময়সীমা উল্লেখ করো। এই যুগের বাংলার মান্য লিখিত রীতি কী কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণসহ প্রাচীন বাংলার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) আদি-মধ্যবাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি নির্দেশ করো।





## UNIT—III

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বরাক উপত্যকায় প্রধানত কোন্ উপভাষা ব্যবহৃত হয়? এই উপভাষায় শব্দের আদিতে ও মধ্যে 'হ'-স্থানে কোন্ ধ্বনি উচ্চারিত হয়?

(খ) আমের রস > রামের অস—এই পরিবর্তনটি কোন্ উপভাষায় দেখা যায়? এই উপভাষাটি কোন্ অঞ্চলে বহুল ব্যবহৃত হয়?

(গ) শব্দের অর্থ পরিবর্তনের যে কোনো দুটি কারণ নির্দেশ করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণসহ রাঢ়ী উপভাষার প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) অর্থবিস্তার এবং অর্থসংক্রম বলতে কী বোঝ? উদাহরণসহ আলোচনা করো।

## UNIT—IV

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বাংলা বাক্যের মূল উপাদান কয়টি? সেগুলি কী কী?

(খ) পদ কাকে বলে?

(গ) উদাহরণসহ সন্নীভবনের সংজ্ঞা দাও।

http://www.elearninginfo.in



৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা বাক্যে পদবিন্যাসের মূল সূত্রগুলির বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

(খ) ধ্বনি লোপ–ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত আলোচনা করো।

## UNIT—V

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) অধিকরণ কারক কাকে বলে? একটি উদাহরণ দাও।

(খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো—'আমরা'।

(গ) নিম্নরেখ পদগুলিতে কোন্ কারকে, কোন্ বিভক্তি হয়েছে, লেখো :

সুন্দরবনে <u>জলে</u> কুমির, <u>ডাঙায়</u> বাঘ।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণসহ মধ্যপদলোপী কর্মধারয় ও রূপক কর্মধারয় সমাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) করণ কারক কাকে বলে? করণ কারকে কী কী বিভক্তির প্রয়োগ হতে পারে, দেখাও।

★★★